



সোনালী ব্যাংক লিমিটেড
Sonali Bank Limited
প্রধান কার্যালয়, ঢাকা।

পাবলিক রিলেশনস ডিভিশন

নং-এসবিএল/প্রকা/পিআরডি/সংস্থাপন/৯২৫

তারিখঃ-০৮/১২/২০১৯

ডেপুটি জেনারেল ম্যানেজার
বিজনেস ডেভেলপমেন্ট ডিভিশন
সোনালী ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়
ঢাকা।

Mrs Mahmuda

বিজনেস ডেভেলপমেন্ট
সোনালী ব্যাংক লিঃ, প্রধান
নং..... ডাঃ ৩০/১২/১৯
এক্সিএস মার্কেটিং/ইঃ

- * জানাপ করুন
- * প্রয়োজনীয় পদক্ষেপ নিন।
- * উপস্থাপন করেন।
- * প্রাথমিক বিষয়ে অবহিত করুন।
- * নির্ধারিত সময়ের মধ্যে উত্তর/তথ্য প্রেরণ করুন।

ডেপুটি জেনারেল

বিষয়ঃ- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে আর্থিক প্রতিষ্ঠান
বিভাগে অনুষ্ঠিত সভায় গৃহীত কর্মপরিকল্পনা 'পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর' বাস্তবায়ন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন সামনে রেখে পরিচ্ছন্ন
বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে 'পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর' কর্মসূচী বাস্তবায়নের বিস্তারিত কর্মপরিকল্পনা প্রণয়নের উদ্দেশ্যে
অর্থমন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সকল আওতাধীন দপ্তর/সংস্থার ফোকাল পার্সন কর্মকর্তাদের অংশগ্রহণে ০৪
ডিসেম্বর, ২০১৯ আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অতিরিক্ত সচিব জনাব এবিএম রুহুল আজাদ এর সভাপতিত্বে একটি সভা
অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সোনালী ব্যাংক লিমিটেড এর পক্ষ থেকে ফোকাল পার্সন কর্মকর্তা হিসেবে প্রধান কার্যালয়ের
জেনারেল ম্যানেজার জনাব জাকির হোসেন খান অংশগ্রহণ করেন।

অর্থমন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগে অনুষ্ঠিত উক্ত সভায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী
উদযাপন উপলক্ষে 'পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর' কর্মসূচি বাস্তবায়নে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ-

- ১। উক্ত শ্রোগানের কার্যক্রম বাস্তবায়নে সোনালী ব্যাংক লিমিটেড এর একজন ফোকাল পয়েন্ট কর্মকর্তা
(জিএম/ডিজিএম) নিয়োগ করতে হবে। আর্থিক প্রতিষ্ঠান বিভাগের নিয়মিত বৈঠকে উক্ত কর্মকর্তা অংশগ্রহণ
করবেন এবং 'পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর' শ্রোগানের কার্যক্রমের সার্বিক অবস্থা পরবর্তী সভায় অবহিত করবেন।
- ২। 'পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর' কর্মসূচী বাস্তবায়নের জন্য মন্ত্রণালয় একটি কর্মপরিকল্পনার ছক প্রদান করেছে(কপি
সংযুক্ত)। সংযুক্ত ছক মোতাবেক পরিকল্পনা ও বাস্তবায়নে গৃহীত পদক্ষেপ ফোকাল পয়েন্ট প্রতিনিধির মাধ্যমে
মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।
- ৩। সময় সময় জরুরী ভিত্তিতে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের উপ-সচিব জনাব সাঈদ কুতুব এর সাথে যোগাযোগ ও (ফোন-
৯৫৫৯১০৯ এবং ই-মেইল-ds.service@fid.gov.bd)-এ তথ্য প্রেরণ এবং ছক অনুযায়ী যে কর্মপরিকল্পনা তৈরী
করা হবে তা ফোকাল পয়েন্ট কর্মকর্তার স্বাক্ষর সম্বলিত তথ্য স্ক্যান করে তা উল্লেখিত ই-মেইল এ প্রেরণ করতে
হবে।
- ৪। এ কার্যক্রমের সার্বিক অগ্রগতি আগামী ০৮.১২.২০১৯ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে অবহিত করতে হবে।

চলমান পাতা-২

RK

পাতা-২

বিষয় :- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে আর্থিক প্রতিষ্ঠান বিভাগে অনুষ্ঠিত সভায় গৃহীত কর্মপরিকল্পনা 'পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর' বাস্তবায়ন প্রসঙ্গে।

- ৫। ছকে উল্লেখিত পরিকল্পনা বাস্তবায়ন কার্যক্রম ৩ মাস অন্তর অন্তর মন্ত্রণালয়ে অবহিত করতে হবে।
- ৬। বিভাগীয় এবং জেলা পর্যায়ে জিএম অফিস, প্রিন্সিপাল অফিস, আঞ্চলিক কার্যালয় এবং শহর ও গ্রাম পর্যায়ে সোনালী ব্যাংক লিমিটেড এর শাখাসমূহে 'পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর' শ্লোগান কার্যক্রমের আলোকে সেখানে পরিচ্ছন্ন অভিযান ও সার্বিক সৌন্দর্যবর্ধনের কর্মকান্ড পরিচালনা করতে হবে। এ বিষয়ে কাজের অগ্রগতি সকল শাখাকে তাদের নিয়ন্ত্রণকারী কার্যালয়ের মাধ্যমে প্রধান কার্যালয়কে অবহিত করতে হবে।
- ৭। জিএম অফিস, প্রিন্সিপাল অফিস, আঞ্চলিক কার্যালয় এবং ব্যাংকের শাখা পর্যায়ে পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালনা পাশাপাশি শাখার অভ্যন্তরীণ সৌন্দর্যবৃদ্ধির ব্যাপারে মনোযোগী হতে হবে। অভ্যন্তরীণ সাজসজ্জায় রুচিবোধ এবং সৃজনশীলতার প্রকাশ ঘটাতে হবে। শাখায় পর্যাপ্ত আলো বাতাস প্রবেশের জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে। শাখায় আগমনকারী গ্রাহকদের স্বচ্ছন্দে চলাফেরা ও ব্যাংকিং সেবা গ্রহণ এবং বসরার জন্য পর্যাপ্ত ব্যবস্থা রাখতে হবে বিশেষভাবে উল্লেখ্য যে শাখা/আঞ্চলিক কার্যালয়/প্রিন্সিপাল অফিস/জিএম অফিস/প্রধান কার্যালয় এর ওয়াশ রুম সমূহ প্রাত্যহিকভাবে নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্ন রাখার বিষয়টি গুরুত্ব সহকারে বিবেচনা করতে হবে। শাখায় সার্বিকভাবে পরিবেশবান্ধব সুন্দর রুচিশীল অভ্যন্তরীণ সাজসজ্জার বিষয়টি বিশেষভাবে গুরুত্ব দিতে হবে। নতুন ভবনে শাখা স্থানান্তর কিংবা নতুন শাখা স্থাপনের সময় উপরোক্ত বিষয়গুলোকে বিশেষ অগ্রাধিকার প্রদান করতে হবে।
- ৮। এই পরিচ্ছন্ন কার্যক্রম বিষয়টি ব্যাংকের অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রমের সাথে সম্পৃক্ত করে বাস্তব অবস্থা যাচাই পূর্বক এ বিষয়ে নিরীক্ষা দল তাদের নিরীক্ষা রিপোর্টে উল্লেখের মাধ্যমে অবহিত করবে।
- ৯। পরিচ্ছন্ন কার্যক্রমের বিষয়টি প্রতিযোগিতামূলক মনোভাব নিয়ে ব্যাংকের প্রতিটি শাখা পরিপালন করবে। শাখাসমূহের মধ্যে প্রতিযোগিতার মাধ্যমে পরিচ্ছন্নতার বিষয়ে বিভিন্ন শাখা/আঞ্চলিক কার্যালয়/প্রিন্সিপাল অফিস/জিএম অফিস/প্রধান কার্যালয় কতটা উৎকর্ষ অর্জন করেছে তার ভিত্তিতে মূল্যায়ন করা হবে এবং সেই ভিত্তিতে শ্রেষ্ঠত্ব অর্জনকারী শাখাগুলোর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ব্যবস্থাপককে পুরস্কৃত/প্রণোদনা (যেমন-উচ্চতর প্রশিক্ষণে বিদেশ প্রেরণ, পদোন্নতির ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান, অপেক্ষাকৃত ভাল জায়গায় পদায়ন) প্রদান করা হবে।

উপরোক্ত সিদ্ধান্তের আলোকে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপনকে সামনে রেখে পরিচ্ছন্ন বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে 'পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর' কর্মসূচী বাস্তবায়নের নিমিত্তে সোনালী ব্যাংক লিমিটেড কর্তৃক গৃহীত ব্যবস্থা সিইও অ্যান্ড ম্যানেজিং ডিরেক্টর মহোদয় এর অনুমোদনক্রমে সংশ্লিষ্ট বিভাগ হিসেবে আপনাদের অবহিত এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ রেজাউল করিম ভূইয়া)

ডেপুটি জেনারেল ম্যানেজার

সংযুক্তি : বর্ণনামোতাবেক।

| | |
|----------------------|-------------------|
| সংসদ, তথ্য ও সমন্বয় | তারিখ: |
| www.fid.gov.bd | ০২ ডিসেম্বর, ২০১৯ |
| সংসদ, তথ্য ও সমন্বয় | তারিখ: |
| www.fid.gov.bd | ০২ ডিসেম্বর, ২০১৯ |
| সংসদ, তথ্য ও সমন্বয় | তারিখ: |
| www.fid.gov.bd | ০২ ডিসেম্বর, ২০১৯ |

নম্বর:৫৩.০০.০০০০.২৩৪.২৩.০০১.১৯-১৩৬

১৭ অগ্রহায়ণ, ১৪২৬

০২ ডিসেম্বর, ২০১৯

সভার নোটিশ

চিহ্নিত এবং মানেচিত ডিবেট

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন সামনে রেখে পরিচ্ছন্ন বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে 'পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর' কর্মসূচী বাস্তবায়নের বিস্তারিত কর্মপরিকল্পনা প্রণয়নের উদ্দেশ্যে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সকল আওতাধীন দপ্তর/সংস্থার ফোকাল পার্সন কর্মকর্তাদের অংশগ্রহণে আগামী ০৪ ডিসেম্বর, ২০১৯ তারিখ বুধবার বেলা ১২.০০ টায় আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অতিরিক্ত সচিব জনাব এ.বি.এম রুহুল আজাদ এর সভাপতিত্বে এ বিভাগের সভাকক্ষে (কক্ষ নং ৩৩১, ভবন ৭, ৪র্থ তলা) একটি সভা অনুষ্ঠিত হবে।

০২। উক্ত সভায় এ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থার পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর কার্যক্রমের ফোকাল পার্সন কর্মকর্তাকে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোঃ সাঈদ কুতুব)

উপসচিব

ফোন: ৯৫৫৯১০৯

ds.service@fid.gov.bd

বিতরণ-সদয় অবগতি ও কার্যার্থে জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়:

- ১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ৩৭, মতিঝিল বা/এ, ঢাকা
- ৪। এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান, মাইক্রোফ্রেন্ট রেগুলেটরি অথরিটি, ৮, শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক, বড় মগবাজার, ঢাকা
- ৫। ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, সোনালী/জনতা/অগ্রণী/বিডিবিএল/বেসিক ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা
- ৬। ব্যবস্থাপনা পরিচালক, রূপালী/প্রবাসী কল্যাণ ব্যাংক/আইসিবি/বিকেবি/বিএইচবিএফসি/আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক/কর্মসংস্থান ব্যাংক/রাকাব সিকিউরিটি ট্রিটিং কর্পোরেশন (বিডি) লি., প্রধান কার্যালয়, ঢাকা/রাজশাহী/গাজীপুর
- ৭। পরিচালক, বাংলাদেশ ইনসুরেন্স একাডেমি, বাংলাদেশ ইনসুরেন্স ভবন, ৫৩ মহাখালী বা/এ, ঢাকা
- ৮। ব্যবস্থাপনা পরিচালক, জীবন বীমা কর্পোরেশন/সাধারণ বীমা কর্পোরেশন, প্রধান কার্যালয়, ঢাকা
- ৯। ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ), ভবন নং- ই-৪/বি, আগারগাঁও/বাংলাদেশ মিউনিসিপ্যাল ডেভলপমেন্ট ফান্ড (বিএমডিএফ), গ্রামীণ ব্যাংক ভবন, মিরপুর-২/সোসাল ডেভলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ), ২২-২২, খিলজী রোড, মোহাম্মদপুর, ঢাকা/বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন, বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমী ভবন, ৫৩ মহাখালী বা/এ, ঢাকা
- ১০। চীফ অপারেটিং অফিসার, স্বনির্ভর বাংলাদেশ, বাংলাদেশ, ৫/৫, ব্লক-সি, লালমাটিয়া, ঢাকা-১২০৭
- ১১। নির্বাহী প্রেসিডেন্ট, বাংলাদেশ ইস্টাটিউট অব ক্যাপিটাল মার্কেট, বিজিআইসি টাওয়ার, ৩৪ তোপখানা রোড, ঢাকা
- ১২। ব্যবস্থাপনা পরিচালক, গ্রামীণ ব্যাংক, প্রধান কার্যালয়, মিরপুর-২/সৌদি-বাংলা ইন্ডাস্ট্রিয়াল ইনভেস্টমেন্ট কোম্পানি লি. সাবিনকো) / ডি ইউএই-বাংলাদেশ ইনভেস্টমেন্ট কোম্পানি লি. (ইউবিকা), প্রধান কার্যালয়, ঢাকা

সদয় অবগতি/কার্যার্থে অনুলিপি:

১. উপসচিব, নিরাপত্তা অধিশাখা-২, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিবালয়ের বাইরের কর্মকর্তাগণকে গাড়ীসহ প্রবেশের অনুমতি প্রদানের অনুরোধ সহ)
২. উপসচিব (গ্রহণ, বিতরণ ও সেবা শাখা), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (সভায় উপস্থিত ৫০ (পঞ্চাশ) জন অতিথির আপ্যায়নের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৩. সিনিয়র সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪. ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (অতিরিক্ত সচিবগণ এর সদয় অবগতির জন্য)

কর্মপরিকল্পনা
মেয়াদ: স্বল্প/মধ্য/দীর্ঘ

সংশোধিত ছক

ছক:

মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা:

ফোকাল পার্সনের এর নাম, ফোন নং ও ই-মেইল:

| ক্রমিক | সহকারী/প্রোগ্রাম | কার্যক্রম | উপ-কার্যক্রম | নির্দেশনা/সমর্থনের কাঠামো | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম টেলিফোন নং/ই-মেইল | সময়কাল | মন্তব্য |
|--------|------------------|-------------------------------------------------------------------|--------------|------------------------------|-----------------------------------------------------|---------|---------|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১. | | পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম | | | | | |
| ২. | | প্রচার-প্রচারণা/ উদ্বুদ্ধকরণ কার্যক্রম: | | | | | |
| ৩. | | আইন/বিধি/নির্দেশনা জারি/সংশোধন এবং তার প্রয়োগের কার্যক্রম; | | | | | |
| ৪. | | জনগণকে সম্পৃক্তকরণ কার্যক্রম: | | | | | |
| ৫. | | প্রণোদনা/স্বীকৃতি প্রদান কার্যক্রম: | | | | | |
| ৬. | | মনিটরিং ও রিপোর্টিং কার্যক্রম: | | | | | |
| ৭. | | অন্যান্য কার্যক্রম | | | | | |

কর্মপরিকল্পনা

মেয়াদ : স্বল্প/মধ্য/দীর্ঘ

সংশোধিত ছক

ছক :

মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা : সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা

ফোকাল পার্সনের নাম, ফোন নাম্বার ও ইমেইল : ডেপুটি জেনারেল ম্যানেজার, বিজনেস ডেভেলপমেন্ট ডিভিশন, সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা

| ক্রমিক নং | শহর/গ্রাম | কার্যক্রম | উপ কার্যক্রম | নির্দেশনা/সমন্বয়ের কাঠামো | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, টেলিফোন ই-মেইল | সময়কাল | মন্তব্য |
|--------------|---------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|--------------------------------|----------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|--------------------------------------------------------------------------|----------------------------------------------------------------------------------------------------|--------------------------------|---------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | সোনালী ব্যাংক লিমিটেড এর ১১ টি জিএমও, ৪৬ টি প্রিন্সিপাল অফিস, ১৬ টি রিজিওনাল অফিস এর আওতাধীন ১২১৮ টি শাখা রয়েছে। যার মাধ্যমে পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর কার্যক্রমটি বাস্তবায়ন করা হবে। | পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম | জিএম অফিস, প্রিন্সিপাল অফিস, আঞ্চলিক কার্যালয় এবং ব্যাংকের শাখা পর্যায়ে পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালনা পাশাপাশি শাখার আভ্যন্তরীণ সৌন্দর্যবৃদ্ধির ব্যাপারে মনোযোগী হতে হবে। আভ্যন্তরীণ সাজসজ্জায় রুচিবোধ এবং সৃজনশীলতার প্রকাশ ঘটাতে হবে। শাখায় পর্যাপ্ত আলো বাতাস প্রবেশের জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে। শাখায় আগমনকারী গ্রাহকদের স্বচ্ছন্দে চলাফেরা ও ব্যাংকিং সেবা গ্রহণ এবং বসার জন্য পর্যাপ্ত ব্যবস্থা রাখতে হবে। শাখায় সার্বিকভাবে পরিবেশবান্ধব সুন্দর রুচিশীল আভ্যন্তরীণ সাজসজ্জার বিষয়টি বিশেষভাবে গুরুত্ব দিতে হবে। নতুন ভবনে শাখা স্থানান্তর কিংবা নতুন শাখা স্থাপনের সময় উপরোক্ত বিষয়গুলোকে বিশেষ অগ্রাধিকার প্রদান করতে হবে। | বিজনেস ডেভেলপমেন্ট ডিভিশন, সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা | ডেপুটি জেনারেল ম্যানেজার, বিজনেস ডেভেলপমেন্ট ডিভিশন, সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা | মুজিববর্ষ পালন সময়কাল পর্যন্ত | ইতোমধ্যে পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর কার্যক্রমের বিষয়টি সংশ্লিষ্ট জেনারেল ম্যানেজার'স অফিস, প্রিন্সিপাল অফিস ও রিজিওনাল অফিসে জানানো হয়েছে। এ বিষয়ে মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে বাস্তবায়নের জন্য পরামর্শ দেয়া হয়েছে। |

SPO

DGM

চলমান পাতা-২
জাফর হোসেন খান
জেনারেল ম্যানেজার
সোনালী ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়, ঢাকা।
৫/১২/২০১২

পাতা-২

| ক্রমিক নং | শহর/গ্রাম | কার্যক্রম | উপ কার্যক্রম | নির্দেশনা/সমবয়ের কাঠামো | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, টেলিফোন ই-মেইল | সময়কাল | মন্তব্য |
|--------------|-----------|------------------------------------------------------------------|---------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|--------------------------|------------------------------------------------------|---------|---------|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ২ | ত্র | প্রচার প্রচারণা/উদ্বুদ্ধকরণ কার্যক্রম | পরিস্কার ও পরিচ্ছন্নতার কার্যক্রমের অংশগ্রহণে উদ্বুদ্ধকরণের জন্য ব্যানার, ফেস্টুন তৈরী করে শাখার বিভিন্ন স্থানে লাগানো হবে এবং কর্মকর্তা/কর্মচারীদের মাধ্যমে প্রচার করা হবে। | | সংশ্লিষ্ট শাখা | ত্র | |
| ৩ | ত্র | আইন/বিধি/নির্দেশনা জারি/সংশোধন এবং তার প্রয়োগের কার্যক্রম | মন্ত্রণালয়ের নির্দেশ ও ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগের নির্দেশক্রমে পরিচালিত হবে। | | প্রধান কার্যালয় | ত্র | |
| ৪ | ত্র | জনগণকে সম্পৃক্তকরণ কার্যক্রম | ব্যাংক হচ্ছে গ্রাহক নির্ভর। গ্রাহক তথা জনকগনকে সম্পৃক্ত করে উক্ত পরিষ্কার পরিচ্ছন্ন কার্যক্রম পরিচালিত হবে। | | সংশ্লিষ্ট শাখা | ত্র | |
| ৫ | ত্র | প্রণোদনা/স্বীকৃতি প্রদান কার্যক্রম | পরিচ্ছন্ন কার্যক্রমের বিষয়টি প্রতিযোগিতামূলক মনোভাব নিয়ে ব্যাংকের প্রতিটি শাখা পরিপালন করবে। একটি শাখার সাথে আরেকটি শাখা প্রতিযোগিতার মাধ্যমে পরিচ্ছন্নতার বিষয়ে কতটা উৎকর্ষ অর্জন করেছে তার ভিত্তিতে মূল্যায়ন করা হবে এবং সেই ভিত্তিতে শ্রেষ্ঠত্ব অর্জনকারী শাখাগুলোর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ ব্যবস্থাপককে পুরস্কৃত/প্রণোদনা (যেমন-উচ্চতর প্রশিক্ষণে বিদেশ প্রেরণ, পদোন্নতির ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান, অপেক্ষাকৃত ভাল জায়গায় পদায়ন) প্রদান করা হবে। | | জিএমও/প্রিন্সিপাল অফিস/আঞ্চলিক কার্যালয় | ত্র | |

SPO


RQ
D9M

জাকির হোসেন খান
জেনারেল ম্যানেজার
সোনালী ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়, ঢাকা।
চলমান পাতা-৩

পাতা-৩

| ক্রমিক নং | শহর/গ্রাম | কার্যক্রম | উপ কার্যক্রম | নির্দেশনা/সমন্বয়ের কাঠামো | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, টেলিফোন ই-মেইল | সময়কাল | মন্তব্য |
|--------------|-----------|-----------------------------|--------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|----------------------------|--------------------------------------------------------------------------------------------------|---------|---------|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ৬ | এ | মনিটরিং ও রিপোর্ট কার্যক্রম | বিভাগীয় এবং জেলা পর্যায়ে জিএম অফিস, প্রিন্সিপাল অফিস, আঞ্চলিক কার্যালয় এবং শহর ও গ্রাম পর্যায়ে সোনালী ব্যাংক লিমিটেড এর শাখাসমূহে 'পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর' প্রোগ্রাম কার্যক্রমের আলোকে সেখানে পরিচ্ছন্ন অভিযান ও সার্বিক সৌন্দর্যবর্ধনের কর্মকান্ড পরিচালনা করতে হবে। এ বিষয়ে কাজের অগ্রগতি শাখাকে নিয়ন্ত্রণকারী কার্যালয়ের মাধ্যমে প্রধান কার্যালয়কে অবহিত করতে হবে। | | প্রধান কার্যালয়, জিএম অফিস, প্রিন্সিপাল অফিস, আঞ্চলিক কার্যালয় এবং শাখা সমূহের ব্যবস্থাপকবৃন্দ | এ | |
| ৭ | এ | অন্যান্য কার্যক্রম | এ বিষয়ে প্রধান কার্যালয়, জিএম অফিস, প্রিন্সিপাল অফিস, আঞ্চলিক কার্যালয় সহ সকল শাখার সাথে সর্বদা যোগাযোগ ও সমন্বয় সাধন করা হবে। | | | এ | |

*** উপরোক্ত বিষয়াদি প্রয়োজনের তাগিদে সংযোজন, বিয়োজন, পরিবর্তন, পরিবর্ধন করা হলে তা নির্ধারিত সময়ে অন্তর অন্তর মন্ত্রণালয়কে ইমেইল এর মাধ্যমে অবহিত করা হবে।


(জাকির হোসেন খান)
জেনারেল ম্যানেজার

ই-মেইল--dgmprd@sonalibank.com.bd